# ST. LAWRENCE HIGH SCHOOL

(A Jesuit Christian Minority Institution)

1ST Terminal Examination 2018

FOR GOD AND COUNTRY

Sub: Bengali Text
Duration: 1 ½ Hrs.

Class: IV A & C

F.M.: 45
Date: 20.04.18

'ক' বিভাগ – ১০

১। অর্থ লেখ : - (১X৩=৩)
মতলব, পারগ, প্রতারণা

২। বিপরীত শব্দ লেখ :- (১X৩=৩)
কোমল, অভ্যাস, অধিক

৩। বাক্য রচনা কর :- (১X২=২)
পরিশ্রম, আশ্চর্য

৪। একটি বাক্যে উত্তর লেখ :- (১X২=২)
ক) মাঠ থেকে কারা ঘরে ফিরে এল?
খ) জগদীশচন্দ্র বসুর প্রতিষ্ঠিত বিজ্ঞানশালার নাম কী?

'খ' বিভাগ - ১৫

সংক্ষিপ্ত উত্তর দাও :-

২। বড়ো হয়ে বালকের কর্তব্য কী হবে? ৩

৩। বাংলাদেশ কবিতাটি কে লিখেছেন? এই কবিতায় উল্লেখ তিনটি পাখীর নাম কর। ১+২=৩

৪। 'মা গো আমায় ছুটি দিতে বল' -
কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? কে কার কাছে ছুটি চাইছে লেখ। ১+২=৩

৫। ফরিদপুরের জল ছোটার দৃশ্য কোথায় দেখা যেত? ৩

৬। 'দলতে হয়রে দূর্বা কোমল' -- কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? লাইনটির অর্থ বুঝিয়ে দাও। ৩

'গ' বিভাগ - ২০

৯। 'এতবড়ো প্রতিভা পৃথিবীতে কমই জন্মেছে' – কার সম্বন্ধে বলা হয়েছে তার নাম লেখ? তার সম্বন্ধে কয়েকটি বাক্য লিখে তার পরিচয় দাও। ১+৪=৫

১০। চুরি করা কাকে বলে? ধরা পড়ার পর সেই চোরের অবস্থা কেমন হয় লেখ। ২+৩=৫

১১। 'যেটা ছিল জাদু তার রূপ বদলে হল বিজ্ঞান' – কোন গল্প থেকে নেওয়া হয়েছে? কীভাবে জাদু তার রূপ বদলে বিজ্ঞানে পরিনত হল লেখ। ১+৪=৫

১২। 'রাতের বেলা দুপুর যদি হয়, -
দুপুর বেলা রাত হবে না কেন' – কোন কবিতা থেকে নেওয়া ? কবি লাইন দুটিতে কি বলতে চেয়েছেন লেখ। ১+৪=৫

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

# ST. LAWRENCE HIGH SCHOOL
## (A Jesuit Christian Minority Institution)

FOR GOD AND COUNTRY

## 1st Terminal Test – 2018

Sub : Bengali Text | Class : 4 A & C | F.M. : 45

Duration: 1 hr 20 mins | Date: 20.4.2018

**Model Answers**

---

'ক' – বিভাগ (১০)

১. অর্থ: মতলব-ফন্দি/কৌশল, পারগ-সমর্থ, প্রতারণা-ঠকানো

২. বিপরীত শব্দ: কোমল-কঠিন, অভ্যাস- অনভ্যাস, অধিক – অল্প।

৩. বাক্য রচনাঃ পরিশ্রম, আশ্চর্য (নিজে লেখ)

৪. ক। মাঠ থেকে চাষীরা ঘরে ফিরে এল।

খ। জগদীশচন্দ্র বসুর প্রতি্ষ্ঠিত বিজ্ঞান শালার নাম 'বসু বিজ্ঞান মন্দির'।

'খ' – বিভাগ (১৫)

৫. শিশুকালে আমাদের প্রতিপালন করেন পিতা মাতা। বড়ো হবার পর পিতা মাতা যখন বৃদ্ধ হয়ে কাজ করতে অক্ষম হন, তখন তাদের প্রতিপালন করা সেই বালকের অবশ্য কর্তব্য হবে, না করলে ঘোরতর অধর্ম হবে। ৩

৬. বাংলাদেশ কবিতাটি সত্যেন্দ্রনাথ দত্ত লিখেছেন। এই কবিতায় উল্লেখ তিনটি পাখী হল বাবুই, ফিঙে, মরাল।

৭. 'প্রশ্ন' কবিতা থেকে নেওয়া হয়েছে। শিশু কবি তার মায়ের কাছ থেকে ছুটি চাইছে। ৩

৮. ফরিদপুরের রাস্তার ঠিক ধারেই ছিল ছোট একটা নালা, রাস্তা থেকে বাড়িতে আসতে যেতে যে সাঁকোটা পড়ে তার নীচেই সেই জলে ছোটার দৃশ্য দেখা যেত। ৩

৯. 'বাংলাদেশ' কবিতাটি থেকে নেওয়া হয়েছে। দূর্বা এক প্রকারের ঘাস। এই ঘাস প্রধানত বাংলাদেশের মাটিতে জন্মায়। এই ঘাসের উপর দিয়ে সবাই চলাফেরা করে। এই ঘাস খুবই কোমল, তাই চলাফেরা করার সময় এই ঘাস মাড়িয়ে যেতে হয়। ৩

'গ' – বিভাগ(২০)

১০. জগদীশচন্দ্রের সম্বন্ধে বলা হয়েছে।

বাংলাদেশের ঢাকা জেলার ১৮৮৯ সালের ৩০শে নভেম্বর জগদীশচন্দ্র জন্ম গ্রহণ করেন। পিতা ভগবানচন্দ্র বসু ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট। তিনি ছিলেন বিখ্যাত পদার্থবিদ ও উদ্ভিদ বিজ্ঞানী। তিনি বিদ্যুৎ চুম্বকীয় তরঙ্গ আবিষ্কার করেন। এর ফলে কোন তার ছাড়াই এক ঘর থেকে দুরের আরেক জায়গায় সংকেত পাঠানো হয়। উদ্ভিদের যে প্রান আছে তাদের যে চেতনা ও অনুভুতি আছে তা তিনি আবিষ্কার করেন। বিজ্ঞান চর্চা ও গবেষণার জন্য ১৯১৭ সালে তিনি 'বসু বিজ্ঞান মন্দির' নামে এক সংস্থা তৈরী করেন। তিনি আমাদের দেশের গৌরব। ১৯৩৭ সালে ২৩ নভেম্বর গিরিডিতে এই বিজ্ঞানীর মৃত্যু হয়। ৫

১১. যদি কারো কোন দ্রব্য হারায় তা পেয়ে তখনই তাকে না দিয়ে নিজের মনে করে লুকিয়ে রাখলে চুরি করা হয়।

ধরা পড়ার পর সেই চোরকে কত নিগ্রহ ভোগ করতে হয়, অপমান সহ্য করতে হয়। সে সকলের ঘৃণাস্পদ হয় এবং তাকে কেউ বিশ্বাস করেনা। কেউ তার সাথে আলাপ করতে চায় না। ৫

১২. 'জল ছুটছে'- গল্প থেকে নেওয়া হয়েছে।

জগদীশচন্দ্রের তৈরী খেলা ঘরে গ্রাম এসে ধরা দেয়। তিনি উঠানের এক কোণে বসে প্রকৃতিকে নকল করতেন। আস্তে আস্তে তার খেলা ঘরটা বদলে গিয়ে এক সাধনার জায়গা হয়ে দাঁড়াল। পশুপাখি, গাছ ও ফুলের পাশাপাশি অনেক সূক্ষ্ম কলকবজা এসে গেল। প্রকৃতিকে নকল করতে গিয়ে যেটা ছিল জাদু তার রূপ বদলে হয়ে গেল বিজ্ঞান। ৫

১৩. 'রাতের বেলা দুপুর – না কেন' -

মাঝরাতের সময়কে আমরা অনেক সময় রাত দুপুর বলি। তাই কবির শিশু মনে প্রশ্ন জেগেছে যে দুপুর বেলাকে রাত ভাবা যাবেনা কেন? শিশুটির মন খুবই কল্পনা প্রবন সে নানা ভাবে বোঝাতে চায় যে, এখন পড়াশোনা করার সময় নয়, ছুটির সময় হয়ে গেছে। সে এখন শুধু মায়ের সঙ্গে খেলতে চায়, তাই সে মাকে দুপুর বেলাকে রাত কল্পনা করতে বলেছে। ৫

---

Rita Das
21.4.18
Manashi Chaudhuri
21.4.18